ক্যাম্প আয়োজনের মাধ্যমে দেশব্যাপী ডিজিটাল লাইফ সার্টিফিকেট (ডিএলসি) ক্যাম্পেইন ৫.০-এর আওতায় ধারাবাহিক ক্যাম্প কার্যক্রম শুরু করেছে। এনএফআর পেনশনার্স অ্যাসোসিয়েশন (এনএফআরপিএ)-এর সম্বন্ধিত কার্যালয়ে আয়োজিত এই ক্যাম্পগুলি মাসব্যাপী চলা এই অভিযানের সূচনা, যার উদ্দেশ্য রেলওয়ে পেনশনভোগী এবং পারিবারিক পেনশনভোগীদের তাদের বার্ষিক জীবন প্রমাণপত্র সুবিধামত জমা দিতে সাহায্য করা। শিবিরগুলিতে মোট ৫২ জন পেনশনভোগী উপস্থিত হন এর মধ্যে নিউ তিনসুকিয়ায় ৪৭ জন এবং ডিব্রুগড়ে ৫ জন অংশগ্রহণ করেন। ৩৫ জন পেনশনভোগী ও পারিবারিক পেনশনভোগীর ডিজিটাল লাইফ সার্টিফিকেটের তথ্য সফলভাবে আপলোড করা হয়েছে। অবশিষ্ট পেনশনভোগীদের প্রক্রিয়াটি সম্পন্ন করার সুবিধার্থে, ৬ নভেম্বর ২০২৬ তারিখে ডিব্রুগড়ে একটি অতিরিক্ত ক্যাম্প আয়োজন করা হবে। পেনশন ও পেনশনভোগী কল্যাণ বিভাগ এবং রেলওয়ে বোর্ডের নির্দেশিকা অনুযায়ী, ১ থেকে ৩০ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত পরিচালিত এই অভিযানে ডিজিটাল পদ্ধতিতে জীবন প্রমাণপত্র জমা দেওয়ার বিষয়টি উৎসাহিত করা হচ্ছে, যেখানে আধার-ভিত্তিক ফেস অথেন্টিকেশন প্রযুক্তির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই সুবিধাটি পেনশনভোগীদের উপযুক্ত স্মার্টফোন ব্যবহার করে তাদের জীবন প্রমাণপত্র তৈরি করার সুযোগ দেয়, যার ফলে ব্যাংক বা পেনশন প্রদানকারী কার্যালয়ে যাওয়ার প্রয়োজনীয়তা কমে যায়। এই অভিযানের অংশ হিসেবে, এনএফআরপিএ, ব্যাংক এবং সংশ্লিষ্ট সংস্থাগুলির সাথে সমন্বয়ে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের জোনাল ও ডিভিশনাল মুখ্য কার্যালয়, ওয়ার্কশপ এবং এমন অন্যান্য স্থানে ক্যাম্প আয়োজনের পরিকল্পনা করা হয়েছে, যেখানে অবসরপ্রাপ্ত পেনশনভোগীদের উল্লেখযোগ্য উপস্থিতি রয়েছে। ৮০ বছর বা তার বেশি বয়সী পেনশনভোগী, এবং যারা অসুস্থতা বা চলাফেরায় অসুবিধার সম্মুখীন, তাদের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া হচ্ছে প্রয়োজনে তাদের ঘরে গিয়ে সহায়তা প্রদানের ব্যবস্থাও রাখা হয়েছে। এই পদক্ষেপের মাধ্যমে, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে তার অবসরপ্রাপ্ত কর্মী এবং পারিবারিক পেনশনভোগীদের জন্য বার্ষিক জীবন প্রমাণপত্র জমা দেওয়ার প্রক্রিয়াটিকে আরও সহজ ও সহজলভ্য করে তুলতে চায়। যোগ্য পেনশনভোগীদের নির্ধারিত সময়সীমার মধ্যে প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য নির্দিষ্ট ক্যাম্প ও সহায়তা কেন্দ্রগুলির সুবিধা গ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।

প্রবীণ ও বিশেষ চাহিদাসম্পন্নদের জন্য ব্যাটারিচালিত গাড়ি বিতরণ



রতন দে, বালুরঘাট, ৩ নভেম্বর ঃ প্রবীণ নাগরিক ও বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের যাতায়াতের সুবিধার্থে ব্যাটারিচালিত গাড়ি বিতরণ করা হল বালুরঘাটে। সাংসদ তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদারের উদ্যোগে এই কর্মসূচির আয়োজন করা হয়। সহযোগিতায় ছিল ভারতীয় রেডক্রস সোসাইটির দক্ষিণ দিনাজপুর জেলা শাখা। ষাটোর্ধ্ব প্রবীণ নাগরিক এবং বিশেষ চাহিদাসম্পন্ন মানুষদের দৈনন্দিন যাতায়াত আরও সহজ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ করতেই এই উদ্যোগ বলে জানা গেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বালুরঘাটের বিধায়ক বিদ্যুৎ কুমার রায় অতিরিক্ত জেলাশাসক (এডিএম) এবং বিশিষ্ট সমাজসেবী অজয় সরকার- সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা। তাঁদের উপস্থিতিতে উপভোক্তাদের হাতে ব্যাটারিচালিত গাড়ি তুলে দেওয়া হয়। এই উদ্যোগের ফলে যাতায়াতের ক্ষেত্রে সমস্যার মুখে পড়া প্রবীণ ও বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকেরা কিছুটা সুবিধা পাবেন বলে উদ্যোক্তাদের আশা।

সময়মতো চিকিৎসা না হলে বাজির আগুনে পোড়ার ক্ষত আরও গুরুতর হতে পারে, আরজি হাসপাতালের চিকিৎসকদের

কলকাতা, ৩ নভেম্বর ঃ কালীপুজোকে সামনে রেখে বাজি পোড়ানোর সময় সতর্কতা অবলম্বন এবং বাজির আগুনে পুড়ে গেলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়ার আবেদন জানাচ্ছেন জেনারেল সার্জনরা। ২০২৫ সালের দীপাবলি ও কালীপুজোর সময় কলকাতার বিভিন্ন হাসপাতালে বাজির আগুনে পোড়ার একাধিক ঘটনা সামনে এসেছিল। এই ধরনের আঘাতের মধ্যে যেমন ছিল হাতের সামান্য পোড়া, তেমনি কিছু ক্ষেত্রে রোগীদের হাসপাতালে ভর্তি করার ও প্রয়োজন হয়েছিল। একটি হাসপাতালে একদিনে ১০ টিরও বেশি পোড়ার ঘটনার চিকিৎসা করা



হয়েছিল। অন্য একটি হাসপাতালে দু'রাতে আটজন রোগীর চিকিৎসা হয়, যাঁদের অধিকাংশেরই হাতে বাজির আগুনে পোড়ার ক্ষত ছিল। এই ঘটনাগুলি বাজি পোড়ানোর সময় নিরাপত্তা এবং সঠিক প্রাথমিক চিকিৎসার গুরুত্ব আরও একবার তুলে ধরে। ডাঃ দেবাশিস দেব, সিনিয়র কনসালট্যান্ট-জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি, আর জি স্টোন ইউরোলোজি অ্যান্ড ল্যাপারোস্কপি হাসপাতাল, আরজি হাসপাতাল কলকাতা, বলেন, অনেকেই বাজির আগুনে পোড়ার ঘটনা কে প্রথমে তেমন গুরুত্ব দেন না। আবার চিকিৎসকের পরামর্শ নেওয়ার আগে বিভিন্ন ঘরোয়া টোটকা প্রয়োগ করেন। পোড়া স্থানে কখনও টুথপেস্ট, ঘি বা তেল লাগানো উচিত নয়। সরাসরি বরফ লাগালে ও ক্ষতিগ্রস্ত ত্বকের আরও ক্ষতি হতে পারে। এক্ষেত্রে প্রথমে আক্রান্ত স্থানটি প্রবাহমান জলের নিচে রেখে ঠান্ডা করা এবং গুরুতর আঘাতের ক্ষেত্রে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি। হাত, মুখ বা চোখে পোড়া লাগলে কিংবা ক্ষত গভীর ও বিস্তৃত হলে সম্ভাব্য জটিলতার ঝুঁকি কমাতে দ্রুত চিকিৎসকের কাছে যাওয়া প্রয়োজন। **বাজির আগুন কীভাবে ত্বক ও ত্বকের নীচের টিস্যুর ক্ষতি করতে পারে**- বাজির আগুনে পোড়ার ঘটনা সাধারণত শিখা, স্ফুলিঙ্গ বা উত্তপ্ত ধ্বংসাবশেষের সংস্পর্শে ত্বক পুড়ে যাওয়ার ফলে ঘটে। আগুনের তীব্রতা এবং কতক্ষণ ধরে ত্বক তার সংস্পর্শে রয়েছে, তার ওপর নির্ভর করে ক্ষতির মাত্রা। কোনও ক্ষেত্রে শুধু ত্বকের বাইরের স্তর ক্ষতিগ্রস্ত হয়, আবার গুরুতর ক্ষেত্রে ক্ষত ত্বকের গভীর স্তর পর্যন্ত পৌঁছে যেতে পারে। মারাত্মক পোড়ার ফলে রক্তনালি, স্নায়ু এবং আশপাশের টিস্যুর ক্ষতি হতে পারে। বিশেষত হাত বা অস্থিসন্ধিতে আঘাত লাগলে স্বাভাবিক নড়াচড়া ও কর্মক্ষমতা ও ব্যাহত হতে পারে। মুখ, হাত, পা, যৌনাঙ্গ এবং শরীরের গুরুত্বপূর্ণ অস্থিসন্ধিতে পোড়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা প্রয়োজন। কারণ এই ধরনের আঘাতের ফলে অঙ্গের স্বাভাবিক কার্যক্ষমতা নষ্ট হওয়া এবং অন্যান্য জটিলতার আশঙ্কা থাকে। গভীর ক্ষতের ক্ষেত্রে আঘাতের মাত্রা অনুযায়ী বিশেষ ধরনের ড্রেসিং, ক্ষত পর্যবেক্ষণ, ক্ষতিগ্রস্ত টিস্যু অপসারণ কিংবা অস্ত্রোপচারের ও প্রয়োজন হতে পারে। **পোড়ার ক্ষত আরও বাড়িয়ে দিতে পারে প্রাথমিক চিকিৎসার কিছু ভুল**- পোড়া স্থানে টুথপেস্ট, মাখন, ঘি, তেল কিংবা অন্য কোনও ঘরোয়া উপাদান লাগানো একটি সাধারণ ভুল। পোড়ার প্রাথমিক চিকিৎসায় এই ধরনের উপাদান ব্যবহারের পরামর্শ দেওয়া হয় না। এগুলি ক্ষতস্থানে সংক্রমণ বা দূষণের ঝুঁকি বাড়াতে পারে। এভাবে, সরাসরি বরফ লাগালে ত্বকের টিস্যুর আরও ক্ষতি হতে পারে। পোড়ার ফলে তৈরি হওয়া ফোসকা ফাটিয়ে দেওয়া, ক্ষতিগ্রস্ত চামড়া টেনে তুলে ফেলা কিংবা ক্ষতের সঙ্গে আটকে থাকা পোশাক জোর করে সরিয়ে ফেলার চেষ্টা করলেও আঘাত আরও বাড়তে পারে। আর একটি বড় ভুল হল, প্রথমে ক্ষত সামান্য মনে হওয়ায় চিকিৎসকের কাছে যেতে দেরি করা। কারণ কিছু ক্ষেত্রে পোড়ার গভীরতা ও প্রকৃত ক্ষতির মাত্রা সঙ্গে সঙ্গে বোঝা যায় না। তাই সঠিকভাবে চিকিৎসকের মাধ্যমে ক্ষত পরীক্ষা করানো অত্যন্ত জরুরি। **বাজিতে পুড়ে গেলে প্রাথমিকভাবে কী করবেন**- প্রথমেই আক্রান্ত ব্যক্তিকে আগুন বা বিপদের উৎস থেকে নিরাপদ দূরত্বে সরিয়ে আনতে হবে। যত দ্রুত সম্ভব পোড়া স্থানে প্রায় ২০ মিনিট ধরে ঠান্ডা প্রবাহমান জলের নীচে রাখতে হবে। ক্ষতস্থানে বরফ বা কোনও ঘরোয়া উপাদান লাগানো যাবে না। পোড়া স্থানের কাছাকাছি থাকা গয়না বা পোশাক সাবধানে সরিয়ে ফেলতে হবে, তবে তা যেন ত্বকের সঙ্গে আটকে না থাকে। পোড়া স্থানে আটকে থাকা কোনও পোশাক বা উপাদান জোর করে টেনে সরানো উচিত নয়। জল দিয়ে ক্ষত ঠান্ডা করার পর পরিস্কার, নরম এবং লোমমুক্ত ড্রেসিং দিয়ে আলতোভাবে ঢেকে রাখতে হবে। চিকিৎসকের পরামর্শ ছাড়া কোনও ক্রিম বা অ্যান্টিসেপটিক ব্যবহার করা উচিত নয়। বিস্তৃত বা গভীর পোড়া, মুখ বা হাতে আঘাত এবং শ্বাসকষ্টের মতো সমস্যা দেখা দিলে দ্রুত চিকিৎসা নিতে হবে। বাজির কারণে চোখে আঘাত লাগলে ও অবিলম্বে চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি। আক্রান্ত চোখে হাত দেওয়া বা ঘষা একেবারেই উচিত নয়। **কখন চিকিৎসকের কাছে যাওয়া জরুরি**- বড় বা গভীর ক্ষত, মুখ, হাত, পা কিংবা শরীরের গুরুত্বপূর্ণ অস্থিসন্ধিতে পোড়া এবং বাজির কারণে চোখে আঘাত লাগলে দ্রুত চিকিৎসকের কাছে যেতে হবে। ত্বক সাদা হয়ে যাওয়া বা পুড়ে কালো হয়ে যাওয়া এবং ক্ষতস্থানে অনুভূতি কমে যাওয়া গুরুতর পোড়ার লক্ষণ হতে পারে। শ্বাসকষ্ট হলে জরুরি ভিত্তিতে চিকিৎসার ব্যবস্থা করতে হবে। এছাড়া পোড়ার পর ক্ষতস্থানে লালচে ভাব, ফোলাভাব, ক্ষত থেকে তরল বা পুঁজ বের হওয়া, ব্যথা বেড়ে যাওয়া কিংবা জ্বর দেখা দিলে ও দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়া প্রয়োজন। **কালীপুজোয় বাজির আগুন থেকে দুর্ঘটনা এড়াতে কী করবেন**- বাজি সবসময় খোলা জায়গায় পোড়ানো উচিত। বাজির প্যাকেটে দেওয়া নিরাপত্তা সংক্রান্ত নির্দেশ মেনে চলা এবং নিরাপদ দূরত্ব বজায় রাখা জরুরি। শিশুদের বাজি পোড়ানোর সময় অবশ্যই বড়দের নজরদারিতে রাখতে হবে। যে বাজি জ্বলল না, সেটি কখনও হাতে নেওয়া বা পুনরায় জ্বালানোর চেষ্টা করা উচিত নয়। জরুরি পরিস্থিতির কথা মাথায় রেখে কাছাকাছি জল বা উপযুক্ত অগ্নিনির্বাপক যন্ত্র রাখা যেতে পারে। চিকিৎসকদের পরামর্শ, পোড়ার ক্ষত সারাতে যাচাই না করা ঘরোয়া পদ্ধতির ওপর নির্ভর না করে প্রয়োজনে দ্রুত চিকিৎসকের সাহায্য নিতে হবে। সঠিক প্রাথমিক চিকিৎসা এবং সময়মতো চিকিৎসকের কাছে পৌঁছানোর জটিলতার ঝুঁকি কমিয়ে দ্রুত সুস্থ হয়ে ওঠার পথে সাহায্য করতে পারে। তাই কালীপুজোর আনন্দে বাজি পোড়ানোর সময় সতর্কতা অবলম্বন করাই সবচেয়ে জরুরি।

চিনা মাঞ্জার থাবায় মর্মান্তিক দুর্ঘটনা, আহত বাইকচালক

বনস্পতি দে, হুগলি, ৩ নভেম্বর ঃ নিষিদ্ধ চিনা ঘুড়ির সুতোর বারণ সত্ত্বেও ফের ঘটে গেল এক মর্মান্তিক ও শিউরে ওঠার মতো দুর্ঘটনা। রাস্তা দিয়ে বাইক চালানোর সময়ে হঠাৎই গলায় চিনা মাঞ্জা পেঁচিয়ে মারাত্মকভাবে জখম হলেন এক ব্যক্তি। ধারালো সুতোর টানে কিছু বুঝে ওঠার আগেই গলা আংশিক কেটে যায় তাঁর। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, আহত ব্যক্তির নাম হারাধন আচার্য। তিনি পেশায় একজন পুরোহিত এবং তালডাঙ্গার বাসিন্দা। চুঁচুড়া থেকে বাইক চালিয়ে ব্যান্ডেলের দিকে যাওয়ার পথে শরৎ সরণীর জিটি রোডের ওপর আড়াআড়িভাবে ঝুলতে থাকা একটি চিনা ঘুড়ির সুতো তাঁর গলায় জড়িয়ে যায়। হঠাৎই গলায় মারাত্মক টান ও ধারালো সুতোর কোপে তাঁর রক্তক্ষরণ শুরু হয়। পিছন থেকে আসা স্কুটার চালক ও স্থানীয় বাসিন্দারা তাৎক্ষণিকভাবে ছুটে এসে আহত হারাধন বাবুকে উদ্ধার করেন। তড়িঘড়ি তাঁকে চুঁচুড়া ইমামবাড়া জেলা হাসপাতালে ভর্তি করা হয়। দুর্ঘটনার পর পথচারীরা সতর্কতার সঙ্গে রাস্তা থেকে ঝুলতে থাকা প্রাণঘাতী চিনা সুতো সরিয়ে ফেলেন, যাতে বড়সড় বিপদের হাত থেকে রক্ষা পান অন্য চালকরাও। আইন অনুযায়ী চিনা সুতো কেনাবেচায় কঠোর নিষেধাজ্ঞা এবং নিয়মিত পুলিশি অভিযান সত্ত্বেও সাধারণ মানুষের বেপরোয়া মনোভাবের কারণে বারবার এই ধরনের রক্তক্ষয়ী ঘটনা ঘটছে। প্রশাসন ও স্থানীয় বাসিন্দাদের দাবি, কেবল পুলিশের নজরদারিই যথেষ্ট নয়, দোকানদারদের দায়িত্বজ্ঞান এবং সর্বসাধারণের সচেতনতাই পারবে এই অদৃশ্য ঘাতকের দৌরাত্ম্য থামাতে।

গাঁজা উদ্ধার

নিজস্ব প্রতিনিধি, বাঁকুড়া, ৩ নভেম্বর ঃ জেলা জুড়ে মাদক দ্রব্যের রমরমা ব্যবসার অভিযোগ ও পুলিশের অভিযানে বিভিন্ন এলাকায় ব্রাউন সুগার, কফসিরাফ, গাঁজা উদ্ধার এ ব্যাপক আলোড়ন জনমানসে। পুলিশের অভিযান অব্যাহত রয়েছে, এরই মধ্যে গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে গতরাতে ওন্দা থানার পুলিশ বালিগুমা রোড এলাকায় বিশেষ অভিযান চালায়। অভিযানের সময় একটি বাইক আরোহীকে আটক করে তল্লাশি চালিয়ে তাঁর কাছ থেকে মোট ৬.৩৫০ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

রাজনৈতিক আক্রোশের বলি মাধ্যমিকের কিশোর? গোঘাটে চাঞ্চল্যকর খুনের অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, হুগলি, ৩ নভেম্বর ঃ কাকাকে সরাসরি ছুঁতে না পেরে কি রাজনৈতিক প্রতিহিংসার বলি হতে হলো ১৬ বছরের এক নাবালক ভাইপোকে? হুগলির গোঘাট থানার



খানাটি এলাকায় একটি মর্মান্তিক ও চাঞ্চল্যকর মৃত্যুকে কেন্দ্র করে তীব্র রাজনৈতিক উত্তেজনা ছড়িয়েছে। পরিবারের স্পষ্ট দাবি, রাজনৈতিক আক্রোশের জেরেই পরিকল্পিতভাবে খুন করা হয়েছে আগামী বছরের মাধ্যমিক পরীক্ষার্থী ঋতম কুশারীকে। জানা গেছে, নিহত ঋতমের বাবা অরূপ কুশারী এবং তাঁর কাকা দীর্ঘদিন ধরেই সক্রিয়ভাবে বিজেপির রাজনীতির সঙ্গে যুক্ত। পরিবারের অভিযোগ, কাকার এই রাজনৈতিক পরিচয়ের কারণে এলাকার একটি বিরোধী গোষ্ঠীর দীর্ঘদিনের ক্ষোভ ও আক্রোশ ছিল। সেই ক্ষোভ থেকেই কাকাকে না পেয়ে, পড়াশোনা ও কম্পিউটারে দক্ষ ১৬ বছরের ঋতমকে টার্গেট করা হয়। পরিবারের বয়ান অনুযায়ী, সম্প্রতি একদল দুষ্কৃতী বাড়ি থেকে ডেকে নিয়ে যায় ঋতমকে। এরপর তাকে জোরপূর্বক কোনো নেশাজাতীয় দ্রব্য খাইয়ে অচেতন করে কানাদিঘির জলে ফেলে দেওয়া হয় বলে অভিযোগ। খবর পেয়ে পরিবারের সদস্য ও স্থানীয় বাসিন্দারা তাকে উদ্ধার করে তড়িঘড়ি আরামবাগের প্রফুল্লচন্দ্র সেন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যান। কিন্তু শেষরক্ষা হয়নি, চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। ছেলের এমন আকস্মিক ও নৃশংস মৃত্যুতে হাসপাতালে শোকে ভেঙে পড়েছেন ঋতমের মা ও পরিবারের অন্যান্য সদস্যরা। শোকস্তব্ধ মায়ের চোখে কান্নার পাশাপাশি অভিযুক্তদের বিরুদ্ধে কঠোরতম শাস্তির দাবি জোরালো হয়ে উঠেছে। এই ঘটনার পর থেকে গোটা গোঘাট এলাকায় শোকের ছায়া নেমে আসার পাশাপাশি রাজনৈতিক মহলেও শোরগোল শুরু হয়েছে। ঘটনার নেপথ্যের আসল সত্য উদ্ঘাটন এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে নিরপেক্ষ তদন্তের জোরালো দাবি তুলেছে পরিবার ও এলাকাবাসী। পুলিশ ইতিমধ্যেই পুরো বিষয়টি খতিয়ে দেখে তদন্ত শুরু করেছে।

NIQ, Govt. of West Bengal.

Tender is hereby invited by the Executive Engineer, PWD, Kolkata IT Division, Main Block, Ground Floor, Writers' Buildings, Kolkata-700001 from the eligible contractors for the following works.

1. Name of Work: "Provision for temporary additional IT infrastructure arrangement for the programme to be attended by VVIP at Nabanna Sabhaghar on 04.11.2026" **[Job No. KIT/RW/240 of 26- 27]**
SHORT NOTICE INVITING QUOTATION (No-132/KIT/Q of 26-27)
Bid Submission Closing : **04.11.2026 up to 10.00 AM**

2. Name of Work: "Provision for temporary IT infrastructure arrangement for the programme to be attended by VVIP in at PANCHAYATS & RURAL DEVELOPMENT DEPARTMENT (P&RD) on 04.11.2026" **[Job No. KIT/RW/241 of 26-27]**
SHORT NOTICE INVITING QUOTATION (No-133/KIT/Q of 26-27)
Bid Submission Closing : **04.11.2026 up to 10.00 AM**

Corrigendum or Addendum if issued will be published only on website.

Sd/-
Executive Engineer, PWD
Kolkata IT Division

LN/EL

লি অ্যান্ড নি সফটওয়্যারস (এক্সপোর্টস) লিমিটেড

CIN: L70102WB1988PLC045587
নিবন্ধিত কার্যালয়ঃ
১৪বি, ক্যামাক স্ট্রিট, কলকাতা - ৭০০০১৭
ইমেইল আইডিঃ Info@insel.com
ওয়েবসাইটঃ www.lnsel.com
ফোনঃ ০৩৩-৪০৬৫০৩৭৪ ফ্যাক্সঃ ০৩৩-৪০৬৫০৩৭৮

এতদ্বারা জানানো যাচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ২৯ ও ৩৩-এর সাথে পঠিত রেগুলেশন ৪৭ অনুযায়ী, কোম্পানির পরিচালনা পর্ষদের একটি সভা আগামী শুক্রবার, ১৩ নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অন্যান্য বিষয়ের পাশাপাশি ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক সময়ের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল (স্ট্যান্ডঅ্যালোন ও কনসোলিডেটেড) বিবেচনা, অনুমোদন ও নথিবদ্ধ করা হবে এছাড়া সভাপতির অনুমতিক্রমে অন্যান্য বিষয় নিয়েও আলোচনা হতে পারে।
এই বিজ্ঞপ্তি এবং আর্থিক ফলাফলের একটি অনুলিপি কোম্পানির ওয়েবসাইট www.lnsel.com-এ এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.beeindia.com-এ পাওয়া যাবে। লি অ্যান্ড নি সফটওয়্যারস (এক্সপোর্টস) লিমিটেড-এর পক্ষে।

স্বাক্ষরিত /- মহেশ গুপ্ত
(সিইও ও ম্যানেজিং ডিরেক্টর)
(ডিআইএনঃ ০১৬০৬৬৪৭)
স্থানঃ কলকাতা তারিখঃ ০৩.১১.২০২৬

টি. স্পিরিচ্যুয়াল ওয়ার্ল্ড লিমিটেড

সিআইএনঃ এল৬৩০৪০ডব্লবি১৯৮৬পিএলসি০৪০৭৯৬
রেজিস্টার্ড অফিসঃ ৪, নেতাজী সুভাষ রোড, ১ম তল, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০ ০০১
ইমেল আইডিঃ complianceofficer@tspiritualworld.com,
ওয়েবসাইটঃ www.tspiritualworld.com

৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিকের জন্য অনিরীক্ষিত একক আর্থিক ফলাফলের সারাংশ
[সেবি (এলওডিআর) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৪৭(১)(বি) দ্রষ্টব্য]

(টাকা লক্ষে)

ক্রম. নং.	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্তি ৩০শে সেপ্টেম্বর ২০২৬	৩০শে সেপ্টেম্বর, ২০২৬-এ সমাপ্ত চলতি বছরের শুরু থেকে এখন পর্যন্ত	পূর্ববর্তী বছরের ৩০শে সেপ্টেম্বর ২০২৫ সমাপ্ত অনুরূপ ত্রৈমাসিক
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১	অপারেশন থেকে মোট আয়	৩.১৮	৪.৪২	০.১৮
২	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারণ আইটেম)	(১.৩২)	(৮.৬০)	(৪.২৯)
৩	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারণ আইটেমের পরে)	(১.৩২)	(৮.৬০)	(৪.২৯)
৪	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) করের পরে (ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারন আইটেমের পরে)	(১.৩২)	(৯.১০)	(৪.২৯)
৫	সময়ের জন্য মোট বিস্তৃত আয় / (ক্ষতি) [সময়ের জন্য লাভ/ক্ষতি (কর পরবর্তী) এবং অন্যান্য বিস্তৃত আয় (কর পরবর্তী) অন্তর্ভুক্ত]	(১.৩২)	(৯.১০)	(৪.২৯)
৬	ইক্যুইটি শেয়ার ক্যাপিটাল	২,০০০.২০	২ ০০০.২০	২,০০০.২০
৭	সংরক্ষিত তহবিল (পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বৃত্তপত্রে প্রদর্শিত পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত)	-	-	-
৮	প্রতি শেয়ার থেকে আয় (প্রতিটি ১০ টাকা) (বার্ষিকীকৃত নয়) মৌলিক এবং মিশ্র	(০.০১)	(০.০৫)	(০.০২)

মন্তব্যঃ
উপরোক্ত তথ্যটি ৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ। সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়রমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর ৩৩ নম্বর প্রবিধান অনুযায়ী স্টক এক্সচেঞ্জগুলিতে এই আর্থিক ফলাফল দাখিল করা হয়েছে। অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট-**www.bseindia.com** এবং **www.cse-india.com**-এ পাওয়া যাবে। এছাড়াও, কোম্পানির নিজস্ব ওয়েবসাইট **www.tspiritualworld.com**-এও এটি উপলব্ধ রয়েছে।

আর্থিক ফলাফল বিস্তারিতভাবে দেখতে কিউআর কোডটি স্ক্যান করুন

বোর্ডের আদেশানুসারে
টি.স্পিরিচ্যুয়াল ওয়ার্ল্ড লিমিটেড-এর পক্ষে
নেত্র বাহাদুর রানাবত
এমডি এবং সিইও
ডিআইএনঃ ০৬৭১৬৬৬৬

স্থানঃ কলকাতা
তারিখঃ ০৩ নভেম্বর, ২০২৬

KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER

ABRIDGED NIT

The **Executive Engineer (Civil)/Br.-VI, KMC** invites e-Tender item rate two bid system for following work: **NIT No.: KMC/VI/HIRED LORRY-2/2026-2027/R** Name of the Work: **Supplying hired Lorries for P. R. Works of hot mix transportation of road repairing materials etc. in Br.-VI (Day & Night) under CME(C) Department (For Ward No. 51, 52, 60, 61, 62, F.Y. 2026-2027).** Estimated cost (Incl. GST & Cess): **₹ 4,99,208.00**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **365 days.** Last date and time of submission of Bid: **16.11.2026 – 5 p.m.** Tender open date and time: **18.11.2026 – 5 p.m.** The bid forms and other details are available on and from **04.11.2026 (6 p.m.)** from the website: **https://wbtenders.gov.in**

The **C-ICMP (Supply Department), KMC** invites e-Tender online in two bid system for following work: **E-NIT No.: KMC/C-ICMP(S)/33/A421/2026-2027** Name of the Work: **Tender for Spare parts of Knapsack Sprayer for Vector control under Health Department for the F/Y 2026-2027.** Estimated cost: **₹ 2,28,485.00**. Earnest Money: ₹ **4,570.00.** Last date and time of submission of Bid: **14.11.2026 at 2 p.m.** The tender will be opened on: **17.11.2026 at 2 p.m.** Tender documents will be available on and from **06.11.2026 from 2.30 p.m.** from the website: **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (Parks & Squares), KMC** invites quotation online percentage & item rate two bid system for the following work: **NIT No.: KMC/EE_PS/XIV/129/2/26-27 (1st Call)** Name of the Work: **Land scaping and beautification work at Mohini Kunja at Ward No.-129, Br.-XIV.** Estimated cost: **PART-A – ₹ 1,09,009.77, PART-B– Quotation invited (Amount to be quoted including all taxes).** Earnest Money: **Initially ₹ 5,900.00 to be deposited online (Actual amount to be calculated as 2% of the total quoted amount).** Period of Completion: **45 days.** Last date and time of submission of Bid: **13.11.2026 – 1 p.m.** Bid submission closing (Online): **17.11.2026 – 2 p.m.** The bid forms and other details shall be available on and from **04.11.2026 – 10 a.m.** from the website: **https:etender.wb.nic.in**

The **Director General (Uttaran Services), KMC** invites e-Tender online percentage rate two bid system for the following work: **NIT No.: KMC/US/HQ/32/26-27/67 (1st Call)** Name of the Work: **Repairing of Sanitary Latrine at different places of 212 No. Bagmari Road in Ward No.-32 under Br.-III.** Estimate Amount (Incl. GST & LWC): **₹ 1,88,662.47**. Earnest Money: **₹ 4,000.00.** Period of Completion: **45 days.** Last date and time of submission of Bid: **18.11.2026 upto 11 a.m.** Bid opening date and time for technical proposals: **20.11.2026 – 11.30 a.m.** The bid forms and other details are available on and from **03.11.2026 (5 p.m.)** from the website: **https://wbtenders.gov.in & https://www.kmcgov.in**

The **Dy. C.E. (M)/Roads, KMC** invites e-Tender online item rate two bid system for following work: **NIT No.: ASPH/PB/SP-02/2026-27** Name of the Work: **Repairing and Maintenance of Departmental Tipper Trucks i.e. WB03C-3030, WB03C-3038, etc. and other allied works at Asphaltum Department, Palmer Bazar.** Estimated Cost: **Quotation**. Earnest Money: **2% of Quoted Rate.** Period of Completion: **10 days.** Last date and time of submission of Bid: **21.11.2026, 1 p.m.** Bid opening date and time for Technical proposal: **23.11.2026, 1 p.m.** The bid forms and other details are available on and from **04.11.2026, 6 p.m.** from the website: **https://wbtenders.gov.in**

The **Director General (Mech.)/Roads, KMC** invites e-Tender online percentage rate two bid system for following works:
(1) NIT No.: KMC/ASPH/GG/ASP-01/26-27 (1st Call) Name of the Work: **Cleaning of dust and silt from inside of Asphaltum Goragacha Plant.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,52,025.50**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **180 days.** Last date and time of submission of Bid: **21.11.2026 at 5 p.m.**
(2) NIT No.: KMC/ASPH/GG/ASP-11/25-26 (1st Call) Name of the Work: **Construction of Shade over roof of Bachmix Plant operation building to Safeguard of Plastic feeder machine, Construction of Motor base of Chimney of Batch Mix Plant and other necessary allied works inside Asphaltum GG Plant.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,88,479.61**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **27 days.** Last date and time of submission of Bid: **23.11.2026 at 5 p.m.** The bid forms and other details are available on and from **06.11.2026 after 5 p.m.** (For Sl. No. 1 & 2). The website: **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 & 2).

The **Executive Engineer (Roads), KMC** invites e-Tender online percentage rate two bid system for following works:
(1) NIT No.: KMC/ROADS/2026-2027/377 (2nd Call) Name of the Work: **Washing and Painting of Kerb and Railing at Gariahat Road from Golpark to Ballygunge Circular Road Crossing under Br.-VIII.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,98,118.04**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **60 days.**
(2) NIT No.: KMC/ROADS/2026-2027/445 (1st Call) Name of the Work: **Repairing of Roads at 4 J. C. M. Road, 35 J. C. M. Road, 35 J. C. M. Road etc. and others under Br.-VIII.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,93,473.46**. Earnest Money: ₹ **9,900.00.** Period of Completion: **90 days.**
(3) NIT No.: KMC/ROADS/2026-2027/446 (1st Call) Name of the Work: **Repairing of Roads at Jn. of R. B. Avenue and Sarat Bose Road, Rani Bhabani and S.P.M. Road, 200 A.S.P.M. Road etc. and others under Br.-VIII.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,96,701.40**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **90 days.**
(4) NIT No.: KMC/ROADS/2026-2027/447 (1st Call) Name of the Work: **Repairing of Roads at 55C Hazra Road, 13/2 Anil Maitra, 8 Ekdalia (Santosh Garden) etc. and others under Br.-VIII.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,95,100.78**. Earnest Money: **₹ 10,000.00.** Period of Completion: **90 days.**
(5) NIT No.: KMC/ROADS/2026-2027/448 (1st Call) Name of the Work: **Repairing of Roads at Baishnab Ghata Patuli area (in patches) and others under Br.-XII.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,94,943.28**. Earnest Money: ₹ **9,900.00.** Period of Completion: **90 days.**
(6) NIT No.: KMC/ROADS/2026-2027/499 (1st Call) Name of the Work: **Repairing of Roads at 128/5 Hazra Road, Ashutosh Chowdary Avenue Jn. of Marlin Park Road etc. and others under Br.-VIII.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,95,113.16**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **60 days.**
(7) NIT No.: KMC/ROADS/2026-2027/430 (1st Call) Name of the Work: **Laying Seal coat at different places of EM Bypass (North bound) from Ruby More to Ambedkar Bridge under Br.-XII.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,96,648.45**. Earnest Money: **₹ 10,000.00.** Period of Completion: **60 days.**
(8) NIT No.: KMC/ROADS/2026-2027/373 (1st Call) Name of the Work: **Washing and Painting of Kerb and Railing at R. B. Avenue from Chetla Bridge to Manohar Pukur Crossing under Br.-VIII.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,97,018.69**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **60 days.**
(9) NIT No.: KMC/ROADS/2026-2027/449 (1st Call) Name of the Work: **Repairing of Roads at Panchasayar Road, Raipur Road etc. (in patches) and others under Br.-XII.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,94.783.02**. Earnest Money: ₹ **9,900.00.** Period of Completion: **90 days.** Last date and time of submission of Bid(s): **25.11.2026 – 12 Noon** (For Sl. No. 1 to 9). The bid forms and other details are available on and from **13.11.2026 (12 Noon)** (For Sl. No. 1 to 9).
(10) NIT No.: KMC/ROADS/2026-2027/452 (1st Call) Name of the Work: **Repairing of Roads (portion) of D. H. Road, Belvedear Road IFO Satyam Tower (in patches) etc. under Br.-IX.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,97,087.35** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **30 days.**
(11) NIT No.: KMC/ROADS/2026-2027/455 (1st Call) Name of the Work: **Repairing of Roads (portion) of National Library Avenue, Wattgunge Street (in patches) etc. under Br.-IX.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,98,623.55** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **30 days.**
(12) NIT No.: KMC/ROADS/2026-2027/349 (1st Call) Name of the Work: **Repairing of Roads (portion) of Hasting Park Road, D. L. Khan Road (in patches) etc. under Br.-IX.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,96,596.24** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **30 days.**
(13) NIT No.: KMC/ROADS/2026-2027/453 (1st Call) Name of the Work: **Repairing of Roads (portion) of Chetla Road, Gopal Nagar Road (in patches) etc. under Br.-IX.** Estimate Amount (Incl. GST & Cess): **₹ 4,97,385.53** (Excl. Contingency Amount). Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **30 days.**
(14) NIT No.: KMC/ROADS/2026-2027/425 (1st Call) Name of the Work: **Repairing of A.P.C. Road (in patches) and surrounding area under Br.-II.** Estimate Amount (Incl. GST & Cess): ₹ **4,89,140.33**. Earnest Money: ₹ **10,000.00.** Period of Completion: **180 days.** Last date and time of submission of Bid(s): **21.11.2026 – 12 Noon** (For Sl. No. 10 to 14). The bid forms and other details are available on and from **07.11.2026 (12 Noon)** (For Sl. No. 10 to 13) & **06.11.2026 (12 Noon)** (For Sl. No. 14). The website: **https://wbtenders.gov.in** (For Sl. No. 1 to 14). **(687/26-27)**

আইআরইএল (ইন্ডিয়া) লিমিটেড IREL (India) Limited

Formerly Indian Rare Earths Limited
পূর্বে ইন্ডিয়ান রেয়ার আর্টস লিমিটেড
(ভারত সরকারের একটি উদ্যোগ)
(A Government of India Undertaking)
সিআইএনঃ ইউ১৫১০০এমএইচ১৯৫০জিওআই০০৮১৮৭ ওয়েবসাইটঃ www.irel.co.in
An ISO 9001:2015, ISO 1400:2015 & ISO 45001:2018 Company

আজাদী কা অমৃত মহোৎসব

Ref: ADVT.No. 26-27/15 টেন্ডার নোটিশ/Tender Notice তারিখঃ ০২.১১.২০২৬

আইআরইএল, ওএসসিওএম নিম্নলিখিত বিষয়গুলি / কাজের বিবরণের জন্য প্রস্তাব করতে অনুরোধ করছে।
IREL, OSCOM invites request for proposal for the following items / job descriptions.

বিড নং. /Bid No.	কাজ / বিষয়গুলির বিবরণ/Job/Item Description
GEM/2026/B/8204394	কস্টিক সোডা লাই সরবরাহ
GEM/2026/B/8196302	বস্তাবন্দী বা খোলা খনিজ পদার্থ বস্তাবন্দী ও পরিবহনের পর, বিশাখাপত্তনম বন্দর বা গঙ্গাবরম বন্দরের মাধ্যমে কন্টেইনারে বা ব্রেক বাল্কে চালান।
2026_IREL–295401_1	ওএসসিওএম-এর জন্য ইলমেনাইট মজুত করার উদ্দেশ্যে প্রি-ইঞ্জিনিয়ার্ড বিল্ডিং (পিইবি) গুদাম নির্মাণের জন্য আরএফপি।
2026_IREL 295426_1	ওএসসিওএম-এ কঠিন বর্জ্যের জন্য নতুন ট্রেঞ্চের একটি ব্যাটারি নির্মাণ।
GEM/2026/B/8193423	নর্থ সেক্টরে এসএমপি-এর খনি-খনন পরবর্তী এলাকায় রিজেক্ট স্যান্ড (বর্জ্য বালু) সংগ্রহ, লোডিং, পরিবহন, আনলোডিং এবং ডোজার দিয়ে তা সমান করার কাজের জন্য একটি এজেন্সি নিয়োগ।
GEM/2026/B/8206245	আরইইপি-এ উৎপাদন কার্যক্রমে সহায়তার জন্য জনবল নিয়োগ।
2026_IREL_295444_1	আইআরইএল-এর সিএসআর প্রকল্পের আওতায়, ২০২৬-২৭ অর্থবছরে ওএসকম খনির পার্শ্ববর্তী ০৭টি গ্রাম পঞ্চায়েত এলাকায় গ্রামীণ পুকুরগুলোর পলি অপসারণ, পুনরুজ্জীবন ও উন্নয়ন এবং সেগুলোর পাড় পাথর দিয়ে বাঁধানোর কাজ।
GEM/2026/B/8139105	এমআরএসএস, ওএসসিওএম-এ ১৩২/১১ কেভি সাবস্টেশনের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য চুক্তিভিত্তিক পরিষেবা।
GEM/2026/B/81393423	নর্থ সেক্টরে এসএমপি-এর খনি-খনন পরবর্তী এলাকায় রিজেক্ট স্যান্ড সংগ্রহ, লোডিং, পরিবহন, আনলোডিং এবং ডোজার দিয়ে তা সমান করার কাজের জন্য একটি এজেন্সি নিয়োগ।
GEM/2026/B/8206245	আরইইপি-তে উৎপাদন কার্যক্রমে সহায়তার জন্য জনবল নিয়োগ।

দরদাতারা **http://irel.co.in, http://qem.gov.in** অথবা **https://eprocure.qov.in/eprocure/app** থেকে দরপত্রের নথি ডাউনলোড করতে পারবেন। উপরোক্ত দরপত্রের যেকোনো সংশোধনী / সম্প্রসারণ শুধুমাত্র উপরোক্ত ওয়েবসাইটগুলিতেই হোস্ট করা হবে।

Bidder may download tender document from **http://irel.co.in, http://gem.gov.in, https://etenders.gov.in** and **https://eprocure.gov.in/eprocure/app.** Any corrigendum/Extension to above tenders shall be hosted in above websites only.

স্বা/-
জিএম অ্যান্ড হেড, ওএসসিওএম

cbc 48146/11/0016/2627